# ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের
# ৩০তম সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ ঃ ২৭জুলাই ২০২৩ খ্রিঃ

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

স্থান ঃ থিয়েটার ইনিষ্টিটিউট, চট্টগ্রাম

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

আপনার শহরকে পরিচ্ছন্ন
ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩০তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৭ জুলাই ২০২৩ খ্রিঃ |
| স্থান | : | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব খালেদ মাহমুদের মাতা জাহানারা বেগম ও চট্টগ্রামের গণ্যমান্য ব্যক্তির মৃত্যুতে শোক প্রকাশ ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২৯তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম গত সভায় বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগ ওয়ারী গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য ভারপ্রাপ্ত সচিব জনাব মোহাম্মদ নজরুল ইসলাম-কে আহবান জানান।

ভারপ্রাপ্ত সচিব এ বিষয়ে বিভিন্ন সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানগণ ও প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচালকদের প্রকল্প অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন বিশেষত জলাবদ্ধতা নিরসন ও মশক নিধন বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অগ্রগতির বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে এবং অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্য সূচী অনুযায়ী আলোচনায় অংশ গ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১. ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মোবারক আলী তাঁর ওয়ার্ডে ইউএনডিপি প্রকল্পের ঋণ প্রদানের কার্যক্রমে জটিলতা নিরসনে ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান।

১.২. ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব নিছার উদ্দিন আহমেদ (মঞ্জু) মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে স্মার্ট সিটি প্রকল্পে তাঁর ওয়ার্ডকে অর্ন্তভুক্ত করার অনুরোধ জানান।

১.৩. ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ ইসমাইল ফইল্যাতলী কিচেন মার্কেটের দোকান বরাদ্দ দিয়ে সৃষ্ট বিশৃঙ্খল পরিস্থিতি নিরসন করে মার্কেটটি চালুকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান।

১.৪. ১৪নং লালখান বাজার ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব আবুল হাসনাত বেলাল আগামী ২ বছরের জন্য প্রতিটি ওয়ার্ডভিত্তিক কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা ৬ মাস ভিত্তিক বিভক্ত করে জনগণের চাহিদা নিশ্চিত করার আহবান জানান। তিনি তার ওয়ার্ডের জন্য গৃহিত স্মার্ট সিটি পরিকল্পনা বাস্তবায়নের অনুমোদন প্রদানের অনুরোধ জানান।

১.৫. ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব হাজী মোঃ নুরুল আলম তাঁর ওয়ার্ডে পর্যাপ্ত আবর্জনার বিন সরবরাহ ও এসটিএস নির্মাণের অনুরোধ জানান।

১.৬. ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব জহর লাল হাজারী সোলিড ফান্ডের টাকায় চসিকের হাসপাতালগুলোর উন্নয়ন ও সংস্কার কাজ হচ্ছে কিনা তা জানতে চান। তিনি হিন্দু সম্প্রদায়ের শবদেহ দাহকার্যের নিমিত্তে চসিক পরিচালিত অভয়মিত্র মহাশ্মশানের গ্যাসচালিত বৈদ্যুতিকচুল্লী, লাকড়ী চুল্লী ও মন্দির প্রাঙ্গন সংস্কারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি যেকোন উন্নয়ন কাজ সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে গ্রহণের অনুরোধ জানান।

১.৭. ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ আবদুল মান্নান বলেন, সিডিএ রিং রোডে সড়কবাতি না থাকার ফলে প্রতিনিয়ত দূর্ঘটনায় প্রানহানি ঘটছে। এ রোডে আলোকায়নের কোন পরিকল্পনা আছে কিনা জানানোর জন্য তিনি সিডিএ প্রতিনিধিকে অনুরোধ করেন।

১.৮. ওয়াসার নির্বাহী প্রকৌশলী এস এম রুবাইয়াতুল কাদের হাটহাজারী রোডসহ অন্যান্য রোডের লিকেজ মেরামতের জন্য বিবরণসহ পত্র প্রেরণ করলে ব্যবস্থা গ্রহণ করা হবে জানান।

১.৯. চসিকের নির্বাহী প্রকৌশলী জনাব আবু সিদ্দিক জানান, ইতোমধ্যে ওয়াসার পাইপলাইনের লিকেজ মেরামতের কর্তন ফি প্রদানের জন্য ওয়াসাকে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে দুই দপ্তর মিলে সমন্বয়ের মাধ্যমে কার্য সম্পাদনের জন্য তিনি অভিমত ব্যক্ত করেন।

১.১০. চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের সহকারি পুলিশ কমিশনার জনাব অতনু চক্রবর্তী বলেন, সড়কে যানজট নিরসনে রাস্তায় যাতে কোন হকার বসতে না পারে সে বিষয়ে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। নগরীতে পে-পার্কিং চালুকরনের জন্য ট্রাফিক বিভাগ কর্তৃক একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সড়কে ব্লক স্থাপনের জন্য বিএসআরএম ও সিএমপির মধ্যে একটি চুক্তি রয়েছে। চসিকের সাধারণ সভার সিদ্ধান্তনুযায়ী ইতোমধ্যে স্থাপনকৃত কিছু ব্লক সরানো হয়েছে এবং স্থাপনকৃত ব্লকগুলোতে চসিক ও সিএমপির লোগো ব্যবহার করা হচ্ছে। বায়েজীদ থানার গাড়ির ডাম্পিংয়ের জন্য একটি স্থান নির্বাচন করা হয়েছে বিধায় কুঞ্জছায়া আবাসিক এলাকায় আর ডাম্পিং করা হবে না। সিডিএ রিং রোডে ছিনতাই, চাঁদাবাজি রোধ করার জন্য সংশ্লিষ্ট থানাগুলোর টহল কার্যক্রম জোরদার করা হয়েছে এবং নিয়মিত করে দুবেলা টহল দেয়া হচ্ছে এবং চেকপোষ্টও স্থাপন করা হয়েছে। ব্যাটারিচালিত রিক্সার চলাচল রোধে থানা ও ট্রাফিক পুলিশ ব্যবস্থা গ্রহণ করছে। তাছাড়া রিক্সাগুলোর চার্জিং পয়েন্টসমূহ অভিযান পরিচালনার জন্য সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

১.১১. বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উপসহকারী প্রকৌশলী মোঃ আবু মুসা ব্যাটারি রিক্সার চার্জিং পয়েন্টে অভিযান পরিচালনার জন্য চসিক কর্তৃক বিউবো এ একটি পত্র প্রেরণের অনুরোধ জানান।

১.১২. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের প্রতিনিধি কাজী কাদের নেওয়াজ পতেঙ্গা রিং রোডে আলোকায়নের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালককে অবহিত করা হবে মর্মে সভাকে অবগত করেন।

১.১৩. বারইপাড়া খাল খনন প্রকল্পের প্রকল্প পরিচালক ও চসিকের নির্বাহী প্রকৌশলী ফরহাদুল ইসলাম বলেন, বারইপাড়া খাল খনন প্রকল্পের ৫টি এলএ মামলার মধ্যে ৩টি মামলার ভূমি দখল হস্তান্তর করা হয়েছে। তিনি বাকী ২টি মামলার দ্রুত দখল হস্তান্তর করার জন্য জেলা প্রশাসন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

১.১৪. স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব সুমন বড়ুয়া লালখান বাজার এলাকায় রাস্তায় গরু জবাইয়ের ফলে জনস্বাস্থ্যের ক্ষতি হচ্ছে বিধায় স্লটার হাউজ নির্মাণের অনুরোধ জানান। তিনি লালখান বাজারে নালার ভিতরে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কারণে পানি নিষ্কাশনের অসুবিধা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। ডেঙ্গু পরিস্থিতি বিষয়ে তিনি বলেন, এ বছর ডেঙ্গু পরিস্থিতি কিছুটা জটিল আকার ধারণ করেছে। ইতোমধ্যে ৬৩টি জেলায় ডেঙ্গু রোগী পাওয়া গেছে। স্বাস্থ্য অধিদপ্তর প্রিভেনটিভ ও কিউরেটিভ দুই ধরনের উদ্যোগই গ্রহণ করেছে। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিনামূল্যে ডেঙ্গুর রক্ত পরীক্ষা করার উদ্যোগকে অত্যন্ত প্রশংসনীয় বলে উল্লেখ করেন। তাছাড়া সরকারি হাসপাতালগুলোরও ডেঙ্গু পরীক্ষার ফি কমানো হয়েছে। তিনি ডেঙ্গু প্রতিরোধে সচেতন হওয়া এবং জ্বর হলে দ্রুত ডেঙ্গু পরীক্ষা করা উচিত মর্মে অভিমত ব্যক্ত করেন।

১.১৫. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম বলেন, বহু প্রত্যাশিত নতুন নগর ভবন নির্মাণের জন্য ২৮কোটি ৮০ লক্ষ টাকার কাজের ওয়ার্কঅর্ডার দেয়া হয়েছে। ২৫০০ কোটি টাকার প্রকল্পে ৬৯৬ কোটি টাকার টেন্ডার সম্পন্ন হয়েছে। রেভিনিউ ফান্ডের ৬২ কোটি টাকার ১১টি প্রকল্পের টেন্ডার আহবান করা হয়েছে। বিআরটিসির সাথে গাড়ি মেরামতের চুক্তি হতে যাচ্ছে। ম্যাটেরিয়াল টেস্টিং ল্যাবে লোক নিয়োগের মাধ্যমে কাজ শুরু করা হয়েছে। কুলগাঁও বাস টার্মিনালের ফিলিংয়ের কাজ চলছে। টার্মিনাল ভবন নির্মাণের কাজ শীঘ্রই শুরু হবে যা আগামী জুনের মধ্যে শেষ হবে। পে-পার্কিং এর নীতিমালা পুলিশের সাথে বসে করার ব্যবস্থা নেয়া হবে।। বিএসআরএম ব্লক বসানোর ক্ষেত্রে কর্তৃত্ব যাতে সিটি কর্পোরেশনের থাকে সে ব্যবস্থা করা হবে। ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা ডিজিটাল করার জন্য একটি কমিটি করে ডিপিপি প্রস্তুত করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি স্ট্রীটলাইট পরিচালনায় জনবল অনুমোদনের জন্য দ্রুত জনবল কাঠামো মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানান।

১.১৬ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা জনাব মুহাম্মদ আবুল হাশেম বলেন ,চসিকের লালখান বাজার ওয়ার্ড ,বাগমনিরাম ওয়ার্ড ও জামালখান ওয়ার্ডকে স্মার্ট ওয়ার্ড হিসাবে গড়ে তোলার যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা বাস্তবায়নের জন্য অনুমোদন দেয়া যেতে পারে। জেলা প্রশাসন যেন ডেঙ্গুর লার্ভা নিধনে মোবাইল কোর্ট পরিচালনা করে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

১.১৭ ১৫নং বাগমনিরাম ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনে ২০/২৫ বছর ধরে হাজার হাজার কর্মচারী অস্থায়ীভাবে কর্মরত আছেন। চাকরি স্থায়ী না হওয়ায় চাকরি নিয়ে তাদের মধ্যে চরম হতাশা ও তীব্র অসন্তোষ বিরাজ করছে। দীর্ঘদিন ধরে অস্থায়ীরা চাকরি স্থায়ী করনের জন্য বিভিন্ন আন্দোলন কর্মসূচি পালন করছে। অস্থায়ী কর্মচারীদের চাকরি নিয়ে সন্তুষ্টি না থাকায় পূর্ণ উদ্যমে তাদের স্বীয় দায়িত্ব পালন করতে পারছে না। ফলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নাগরিক সেবা প্রদানের মান নিম্নমুখী হচ্ছে যাতে সরকারের ভাবমূর্তি ক্ষুন্ন হওয়ায় উপক্রম হয়েছে। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী ইতোপূর্বে ২০২২ সালের ১৯ এপ্রিল একনেক সভায় তাদেরকে আইন কানুন এর আওতায় এনে সুযোগ দিয়ে রেগুলারাইজ (নিয়মিত) করার একটা ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এ প্রসঙ্গে উল্লেখ্য, মহামান্য সুপ্রীম কোর্টের রিভিউ রায়ে পর্যবেক্ষনে উল্লেখ আছে গনতান্ত্রিক রাষ্ট্রের নাগরিক হিসাবে ২০ বছর বা তার চেয়ে বেশি সময়ে কর্মরত কর্মচারীদের দ্বারা প্রদত্ত পরিসেবাটি স্থায়ী কর্মচারী হিসাবে বিবেচিত হবে এবং তাহারা স্থায়ী কর্মচারী হিসাবে পেনশন সুবিধা পাওয়ার যোগ্য হতে পারে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের রায়ের মাধ্যমে ইতোপূর্বে কিছু কর্মচারী স্থায়ী হবার সুযোগ পেয়েছে এবং অত্র কর্পোরেশনের অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের স্থায়ী করনে গঠিত কমিটির সুপারিশ মালার ৩নং আইটেমের আলোকে তাদেরকে মহামান্য হাইকোর্টের রায় অনুযায়ী স্থায়ী করা যায়। এমতাবস্থায়, মানবিক দিক বিবেচনায় অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে দ্রুততম সময়ের মধ্যে এ বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করে স্থায়ী করন কার্যক্রম বাস্তবায়ন করা অতীব জরুরী। তিনি স্থায়ী করন প্রক্রিয়াটি দ্রুত সম্পন্ন করনের সিদ্ধান্ত গ্রহনের জন্য সভাকে বিনীত অনুরোধ জানান। প্যানেল মেয়র এর বক্তব্যে উপস্থিত সকল কাউন্সিলরগণ সমস্বরে একাত্মতা পোষণ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবা মান বৃদ্ধি করার জন্য অবিলম্বে দীর্ঘ দিন ধরে অস্থায়ীভাবে কর্মরত কর্মচারীদের স্থায়ী করন কার্যক্রম বাস্তবায়ন করার জন্য জোর দাবী জানান।

১.১৮. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম পুলিশের ডাম্পিং স্টেশন গুলোতে ডেঙ্গুর মৌসুমে মশক নিধন করার জন্য নিয়মিত স্প্রে করার অনুরোধ জানান। তিনি পতেঙ্গা রিং রোডে টানেল চালু হলে যানবাহনের চাপ বাড়বে বিধায় দ্রুত আলোকায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি বারইপাড়া খালে ভূমি সংক্রান্ত ২টি এলএ মামলার দ্রুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণে এলএ শাখাকে অবহিতকরনের জন্য জেলা প্রশাসকের প্রতিনিধিকে অনুরোধ জানান। ইউএনডিপি প্রকল্পের ঋণ প্রদানের কার্যক্রমে জটিলতা নিরসনে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভা আহবানের অনুরোধ জানান। তিনি সকলের ঐকান্তিক প্রচেষ্টায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে ২০২৩ সালের মধ্যে আবর্জনামুক্ত পরিচ্ছন্ন শহরে পরিণত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

১.১৯. সম্মানিত সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তার বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, শতাব্দীর শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধুর বলিষ্ঠ নেতৃত্বে বাঙালি জাতি ঐক্যবদ্ধ হয়ে পশ্চিমা হানাদারদের বিরুদ্ধে জীবনপণ সংগ্রাম করে বিশ্বের মানচিত্রে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের সগৌরবে উত্তরণ ঘটিয়েছে। মাদার অব হিউম্যানিটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযুদ্ধের অসমাপ্ত কর্তব্য সম্পাদন ও জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে গতিশীল নেতৃত্ব, প্রজ্ঞা ও অসীম সাহসীকতার সাথে বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ ও ডেল্টা প্লেন-২১০০ তথা ব-দ্বীপ মহাপরিকল্পনা বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। তাঁর সুদুরদর্শী ও সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ সবদিক দিয়েই এগিয়ে যাচ্ছে। সড়ক ও রেলপথের উন্নয়ন, মাথাপিছু আয় বৃদ্ধি, গড় আয়ু ও শিক্ষার হার বৃদ্ধি করে বাংলাদেশ আজ বিশ্বে উন্নয়নের রোল মডেলে পরিণত হয়েছে।

সভাপতি বলেন, চট্টগ্রাম শহরে চসিকের অধীনে ২৫০০ কোটি টাকার প্রকল্পের কাজ শুরু হয়ে গেছে। ১৩৬৩ কোটি টাকার বারইপাড়া খালখনন প্রকল্পের কাজের ভৌত অগ্রগতি ৫৩ শতাংশ। কোভিড ফান্ড প্রকল্পের ৬২ কোটি টাকার টেন্ডার আহবান করা হয়েছে। কুলগাঁও বাস টার্মিনাল নির্মাণের ফিলিং কাজ চলছে। চট্টগ্রামের উন্নয়নে প্রধানমন্ত্রী যে মেগা প্রকল্পগুলো দিয়েছেন তা সুচারুভাবে বাস্তবায়নে সকল সংস্থা সুসমন্বয়ের মাধ্যমে কাঙ্ক্ষিত উন্নয়ন বাস্তবায়ন করতে হবে।

সভাপতি বলেন; ডেঙ্গু দমনে চসিক ক্রাশ প্রোগ্রাম পরিচালিত করছে। বহুতল ভবনের ছাদে ড্রোন ব্যবহার লার্ভা শনাক্ত ও মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা করা হচ্ছে। স্টেক হোল্ডার ও সংশ্লিষ্ট সংস্থা সমূহের সাথে নিয়মিত সভা ও ওয়ার্ড সমূহে গঠিত ডেঙ্গু প্রতিরোধে কমিটির মাধ্যমে সচেতনতামূলক কার্যক্রম চলমান রেখে গনমাধ্যমে প্রচারণা ,মাইকিং ও লিফলেট বিতরণ কার্যক্রম পরিচালনা করছে। চসিক জেনারেল হাসপাতালে ফ্রি ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে। ডেঙ্গু রোগীর চিকিৎসার জন্য ডেঙ্গু কর্নার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। সর্বোপরি চসিকের পক্ষ থেকে ডেঙ্গু দমনে সমন্বিত কর্মযজ্ঞ বাস্তবায়ন করা হচ্ছে। তিনি বলেন, বর্তমান পরিস্থিতিতে মহানগরীর সকল সংস্থাসমূহের স্বউদ্যোগে তাদের ভবনসমূহ পরিচ্ছন্ন রাখতে হবে। কোভিড মোকাবেলার ন্যায় ডেঙ্গু দমনেও সকলে একযোগে ভূমিকা পালন করলে ডেঙ্গু পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হওয়া সম্ভব হবে।

সভাপতি যানজট সমস্যা নিরসন প্রসঙ্গে বলেন, ট্রাফিক সিগন্যাল সিস্টেম ডিজিটাল সিস্টেমে পরিণত করতে হবে। যত্রতত্র অবৈধ পার্কিংয়ের কারণে রাস্তায় যানজট সৃষ্টি হচ্ছে বিধায় জিইসি, সিডি রোডসহ উপযুক্ত স্থানসমূহে পে-পার্কিংয়ের মাধ্যমে এ সমস্যা নিরসন করা সম্ভব। তাই চসিকের প্রকৌশল বিভাগ ও ট্রাফিক বিভাগকে কোথায় কোথায় পে-পার্কিং করা যায় তার একটি প্রতিবেদন পেশ করতে হবে।

অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করনের বিষয়ে সভাপতি বলেন, দীর্ঘ ২০/২৫ বছর ধরে হাজার হাজার কর্মচারী অস্থায়ীভাবে কর্মরত থাকায় চাকরি নিয়ে সন্তুষ্টি না থাকায় তারা পূর্ণ উদ্যমে তাদের স্বীয় দায়িত্ব পালন করতে পারছে না। ফলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নাগরিক সেবা প্রদানের মান বাড়ানোর জন্য তাদের স্থায়ী করা জরুরী হয়ে পড়েছে । এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী ইতোপূর্বে ২০২২ সালের ১৯ এপ্রিল একনেক সভায় তাদেরকে আইন কানুন এর আওতায় এনে সুযোগ দিয়ে রেগুলারাইজ (নিয়মিত) করার একটা ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এমতাবস্থায়, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবা মান বৃদ্ধি করার জন্য অবিলম্বে দীর্ঘ দিন ধরে অস্থায়ীভাবে কর্মরত কর্মচারীদের স্থায়ী করণের সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

শুধুমাত্র গৃহকরের মাধ্যমে চট্টগ্রামের উন্নয়ন সম্ভবপর নয় উল্লেখ করে সভাপতি বলেন, বন্দরের ব্যবহৃত যানবাহনগুলো থেকে নির্দিষ্ট অংকের টোল বা কাস্টমসের বিল অব এন্ট্রি থেকে চার্জ আদায় করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ফুটপাতে নির্বিঘ্নে পথচারী চলাচল করতে চসিক নিয়মিত অবৈধ দোকানপাট উচ্ছেদ করলে পরবর্তীতে উক্ত স্থানসমূহে পুনর্দখল রোধে স্ব স্ব থানা সমূহের নিয়মিত তদারকি নিশ্চিত করার ব্যবস্থা করতে হবে।

ব্যাটারি রিক্সার কারণে লোডশেডিং ও দূর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে উল্লেখ করে সভাপতি বলেন, ট্রাফিক বিভাগকে এসব রিক্সা নিয়ন্ত্রণে উদ্যোগ গ্রহন করতে হবে অথবা ব্যাটারির পরিবর্তে সোলার প্যানেলের মাধ্যমে এ রিক্সাগুলোর চলতে দেয়া যেতে পারে।

সভাপতি বলেন, ময়লা আবর্জনাগুলো যত্রতত্র না ফেলার জন্য যেসব ওয়ার্ডে এসটিএস নেই সেখানে এসটিএস স্থাপন করতে হবে। চসিকের বর্জ্যাগার দুটিতে আবর্জনা রাখা আর সম্ভবপর হচ্ছেনা বিধায় নতুন জমি নেয়ার ব্যবস্থা গ্রহন প্রক্রিয়া চলমান আছে। এলাকায় যাতে কোন ময়লা পড়ে না থাকে বা রাস্তায় খানা খন্দক না থাকে সে বিষয়ে সর্বদা কাউন্সিলরদের তৎপর থাকতে হবে।

সভাপতি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে স্বনির্ভর করতে হলে আয়বর্ধক প্রকল্প গ্রহণ করতে হবে। এজন্য দ্রুত উপআইন তৈরি করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।

সভাপতি বলেন, চট্টগ্রাম সিটিতে প্রবেশের মুখে শাহ আমানত সেতুর সম্মুখস্থ বশিরুজ্জামান চত্বরকে চসিক কর্তৃক নান্দনিকভাবে গড়ে তোলার জন্য রোড এন্ড হাইওয়ে কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে। বাটালি হিলকে দৃষ্টিনন্দনভাবে সাজানোর ব্যবস্থা নেয়া হচ্ছে। প্রতি ওয়ার্ডে ছোট জায়গা থাকলেও সেখানে খেলার মাঠ, পার্ক করার ব্যবস্থা করা হচ্ছে।

সভাপতি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে স্মার্ট সিটি গড়ে তোলার জন্য চসিকের উত্তর কাট্টলী ওয়ার্ড, লালখান বাজার ওয়ার্ড বাগমনিরাম ওয়ার্ড ও জামালখান ওয়ার্ডকে স্মার্ট ওয়ার্ড হিসাবে গড়ে তোলার যে প্রকল্প গ্রহণ করা হয়েছে তা বাস্তবায়নের জন্য অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সেবা সংস্থাগুলোকে সাথে নিয়ে চসিকের সেবা মান বাড়িয়ে চট্টগ্রামকে জলাবদ্ধতা ও যানজট মুক্ত, পরিচ্ছন্ন, স্বাস্থ্যবান, তিলোত্তমা নগরী হিসেবে পরিণত করতে সকলের সহযোগিতা কামনা করছি।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**আলোচ্যসূচি ০১ ঃ গত ২১ জুন ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২৯তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২১ জুন ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২৯তম সাধারণ সভার কার্যবিবরণী ভারপ্রাপ্ত সচিব সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | কোনরূপ সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ২৯তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও পর্যালোচনা। |
|---|

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভায় সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা ভুক্ত সংস্থাসমূহ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা। |
|---|

<u>৩:১: সংস্থা ভিত্তিক আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্তঃ</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় বিউবোর বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়। | ১। চসিকের প্রধান কার্যালয়ের সড়কে বৈদ্যুতিক খুঁটির কারণে যানবাহন চলাচল ও লালখান বাজারে নালার ভিতরে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কারণে পানি নিস্কাশনের অসুবিধা হচ্ছে বিধায় খুঁটিগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। ব্যাটারিচালিত রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান পরিচালনার মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ক) প্রধান প্রকৌশলী<br>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড<br>চট্টগ্রাম।<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>ঘ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ওয়াসা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। অনুমতিবিহীন সড়ক কর্তনকারী ঠিকাদার ও গ্রাহকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২ নালার ভিতর দিয়ে ওয়াসার পাইপ লাইন স্থাপনের কারণে পানি নিস্কাষণে বিঘ্ন ঘটছে বিধায় পাইপগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) ব্যবস্থাপনা পরিচালক<br>চট্টগ্রাম ওয়াসা<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের এর সহযোগিতা গ্রহণের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। ব্যাটারি চালিত রিক্সার কারনে বিদ্যুৎ অপচয়, সড়কে যানজট ও প্রতিনিয়ত দূর্ঘটনা ঘটছে বিধায় এ বিষয়ে স্ব স্ব থানাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। যত্রতত্র অবৈধ পার্কিংয়ের কারনে রাস্তায় যানজট সৃষ্টি হচ্ছে বিধায় জিইসি, সিসি রোডসহ উপযুক্ত স্থানসমূহে পেপার্কিংয়ের মাধ্যমে এ সমস্যা নিরসনকল্পে চসিকের প্রকৌশল বিভাগ ও ট্রাফিক বিভাগকে কোথায় কোথায় পেপার্কিং করা যায় তার একটি প্রতিবেদন পেশ করতে হবে। | ১। কমিশনার<br>চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br><br>২ (ক)কমিশনার<br>চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের বিষয়ে আলোচনান্তে পারস্পরিক সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। চলমান বর্ষা মৌসুমে জলাবদ্ধতা রোধে মহেশখালীর চাক্তাই খাল, রাজাখালী খাল, মির্জা খালসহ বিভিন্ন খালের পাশে মাটি উত্তোলন না করার ফলে যে জলাবদ্ধতা ও জনদুর্ভোগের সৃষ্টি হওয়ায় সমস্যা সমাধানে সিডিএ'র তড়িৎ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। টাইগার পাস হতে সিআরবি রিং রোডে যান চলাচল বৃদ্ধি পাবে। সতর্কবাণী না থাকার ফলে প্রতিনিয়ত দুর্ঘটনায় প্রাণহানি ঘটার আশংকা রয়েছে বিধায় এ রোডে আলোকায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১-২। ক) চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ। খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম জেলা প্রশাসন বিষয়ে আলোচনান্তে পারস্পরিক সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। জেলা প্রশাসন জনসম্পৃক্ত ডেঙ্গুর প্রকোপ রোধে অভিযান সভার পার্শে শিক্ষা ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে খননকৃত বারইপাড়া খালের ভূমি অধিগ্রহণ অবশিষ্ট ২টি প্রকল্প মামলার নিষ্পত্তিকরণে এলএ শাখা দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন। | জেলা প্রশাসক চট্টগ্রাম | |

<u>৩.২ঃ প্রকৌশল বিভাগ</u>

<u>৩.২.১ঃ প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভার আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। অতিবৃষ্টির ফলে সৃষ্ট জলাবদ্ধতায় ক্ষতিগ্রস্ত সড়কগুলো আগামী ১৫ দিনের মধ্যে সংস্কার করে জনদুর্ভোগ লাঘব করতে হবে। এ সংক্রান্ত সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে লিখিত আকারে প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>২। চলমান বর্ষায় যাতে জনগণের চলাচলে সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ খালের সাইডওয়াল,নালার উপর স্ল্যাব, প্রতিবন্ধকসহ সকল সড়কের নির্মাণ ও মেরামত কাজ শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল-নালার উপর স্ল্যাব নির্মাণ সম্ভব নয় সে স্থানে সতর্কীকরণ/নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করতে হবে। প্রকৌশল বিভাগ জরুরীভিত্তিতে জোনওয়ারী এ কার্যক্রম সম্পন্ন করবেন এবং সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে লিখিত আকারে প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৩। ট্রাফিক সিগন্যাল ব্যবস্থা ডিজিটাল করার জন্য একটি কমিটি করে ডিপিপি প্রস্তুত করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>৪। চসিকের প্রকৌশল বিভাগ ও ট্রাফিক বিভাগকে কোথায় কোথায় পে-পার্কিং করা যায় তার একটি প্রতিবেদন পেশ করতে হবে।<br>৫।হিন্দু সম্প্রদায়ের অন্তেষ্টিক্রিয়া ও দাহকার্যের নিমিত্তে চসিক পরিচালিত অভয়মিত্র মহাশ্মশানের গ্যাসচালিত বৈদ্যুতিকচুল্লী, লাকড়ী চুল্লী ও মন্দির প্রাঙ্গন সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। যেকোন উন্নয়ন কাজ সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে গ্রহণ করতে হবে।<br>৭। ওয়াসা কর্তৃক পাইপলাইনের লিকেজ মেরামতের জন্য কর্তনকৃত সড়কের সংস্কার ফি আদায়ের ব্যবস্থা করতে হবে।<br>৮।বারইপাড়া খালখনন প্রকল্পের এলএ শাখা কর্তৃক প্রাপ্ত ভূমি প্রকল্পের মেয়াদের মধ্যে খনন ও সাইডওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে এবং খালের দৈর্ঘ্য অনুযায়ী কতটুকু ভৌত অগ্রগতি সম্পন্ন হয়েছে তা বারচার্টে সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হবে। | ১-৬। ক. প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>১০-১৭। ক. প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৯। সেবককলোনী নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত ভবনসমূহের প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত কাজের পরিমান সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

১০। বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হচ্ছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি চার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

১১। ২৫০০ কোটি টাকার প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী নিয়মিত টেন্ডার আহ্বান করতে হবে এবং টেন্ডারকৃত ৬৯৬ কোটি টাকার প্রকল্পগুলো গুণগত মান অক্ষুন্ন রেখে দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

১২। সেবক কলোনী নির্মাণ প্রকল্পের ৭টি বিল্ডিংয়ের কাজের মধ্যে ৫টি বিল্ডিংয়ের নির্মাণ কাজ ইতোমধ্যে চলমান রয়েছে যা দ্রুত সম্পন্ন করতে হবে এবং বাকী দুটি বিল্ডিং তৈরীর জন্য প্লান না থাকায় উক্ত কাজের আনুমানিক ৬০ কোটি টাকা আন্দরকিল্লাস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের নতুন ভবন নির্মাণে ব্যয় করার নিমিত্তে মন্ত্রণালয়ের সভায় উত্থাপনের জন্য পত্র প্রেরণ করতে হবে। ভবনসমূহ নির্মাণের মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হচ্ছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি চার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

১৬। ২৫০০ কোটি টাকার প্রকল্পে ধরিণকৃত ১৩টি ফুটওভার ব্রিজ, ৫টি গোলচত্বর ও ১টি ওভারপাস এর ডিজাইন সম্পন্ন করে দ্রুত টেন্ডার আহ্বান করতে হবে এবং সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

১৭। বহদ্দারহাট ও মুরাদপুর ফ্লাইওভারের সংযোগ সড়কটি উঁচুকরণের কাজ অগ্রাধিকারভিত্তিতে সম্পন্ন করতে হবে।

## ৩:২:২ ঃ প্রকৌশল বিভাগের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ২০/০৭/২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভার অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক ২০-০৭-২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সাধারণ সভায় অনুমোদন করা হয় এবং পিপিআর ও সরকারী নিয়মনীতি অনুসরনে গুণগত মান বজায় রেখে যথাসময়ে কাজগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন |

পুর কৌশল বিভাগ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ওয়ার্ড নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম | কাজের মেয়াদ | সংস্থা/প্যাকেজ নং |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ১ নং ওয়ার্ড | Excavation of earth at Thandachari Park with disposing the excavated materials at a safe distance | ৫,০০,০০০/- | মেসার্স হোসাইন এন্ড ব্রাদার্স | | ৮৪৪৫৫০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | | | under 1 no South Pahartali ward. | | | | |
| | ০২ | ২ নং ওয়ার্ড | Construction of Cross drain at Muzaffarnagar 3 no road and Tea Board adjacent road Located in 2 no Jalalabad ward. | ৪,৯৮,৫৯৭/- | মেসার্স শহীদ কনস্ট্রাকশন | | ৮৪০৫৫৬ |
| | ০৩ | ৫ নং ওয়ার্ড | Development of West Mohra Primary School road by-lane at 5 no Mohra ward. | ১২,২৭,৪৯৮/- | মেসার্স আদি ট্রেডার্স | | ৮১০৭১৫ |
| | ০৪ | ৫ নং ওয়ার্ড | Development of Hamidchar Harun Soudagor Bari road at 5 no Mohra ward. | ১৯,৮০,২৩৮/- | মেসার্স জসিম | | ৮১০৭১৬ |
| | ০৫ | ৫ নং ওয়ার্ড | Development of Baitul Iqram Jame Mosque adjacent road at 5 no Mohra ward. | ১৬,৩৮,৫২১.৪০ | রহমান এন্ড সন্স | | ৮৪৬৬৫৮ |
| | ০৬ | ২২ | Renovation of Principals office room, elevation and casting of road from front gate to pocket gate and construction of drains of Aparnacharan City Corporation Girls High School and College at 22 No Enayet Bazar Ward. | ১২,৯৫,০০০/- | মেসার্স আফিয়া এন্টারপ্রাইজ | | ৮৪৭৩৫৭ |
| | ০৭ | ৩২ | Construction of Nagar Bhaban of Chattogram City Corporation upto 3rd Floor (Structural including Basement at 32 no Anderkilla Ward. | ২৮,২০,৩৯,৮০৭/- | মেসার্স তাহের ব্রাদার্স লিঃ-মাজিদ সন্স কনস্ট্রাকশন লিঃ (জেভি) | | ৮৪০২৬১ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 08 | 37 No. | Repairing and Fencing works of Anandabazar Mohashoshan at 37 no Ward. | 11,35,353/- | M/S. Jashim | | 840854 | |
| 09 | 37No. | Construction of Boundary wall beside Jur Pukur Par, Tulnna Pukur Par, Raja Mia Sowdagor Bari & Bakkar Sother Bari Graveyard, Venda Para & Hoddar Pukur Par Graveyard R/W with drain and Ahmed Member Dokkhin Bari Drain at 37 no ward of Chattogram City Corporation. | 1,07,02,684.10 | M/s. Shama-N.S.F (JV) | | 841084 | |
| ১০ | ২৬ নং [illegible] | ২৬ নং ওয়ার্ড পুরাতন [illegible] নিলামে বিক্রয় প্রসঙ্গে | ১,১৮,৫৭০/- | মেসার্স তাহিয়া এন্টারপ্রাইজ | | [illegible] | |
| ১১ | ২৬ নং [illegible] | হযরত আলী চৌধুরী সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের পুরাতন ভবন বেচে নিলামে বিক্রয় প্রসঙ্গে | ৭,১৫,১৫০/- | মেসার্স [illegible] ট্রেডিং | | [illegible] | |
| ১২ | ৩৪ | ৩৪ নং পাথরঘাটা ওয়ার্ড অফিস মেরামত, নিরাপত্তা বেষ্টনীসহ আনুষঙ্গিক কাজ | ৫০০০০০.০০ | মেসার্স আয়েশা এন্টারপ্রাইজ | | [illegible] | |

## প্রকিউরমেন্ট শাখা

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রকিউরমেন্ট শাখা | Supplying ¾'' down size stone ¾'' down size stone, Sylhet Sand at Sagorika Store of Chattogram City Corporation. | 31,29,000/- | Calssic Madina Motors | | 842085 | [illegible] |

## যান্ত্রিক শাখা

| ক্রমিক নং | প্রকল্পের নাম/স্থান | প্রাক্কলিত ব্যয় | ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান | কাজের মেয়াদ | দরপত্র/ টেন্ডার আইডি নং- |
|---|---|---|---|---|---|
| 01 | Renewal/repair of spare parts of 13 Nos. vehicles engaged in emergency official work under Chittagong City Corporation | 6,45,813.00 | Habiba Enterprise | 120 | 828364 |
| 02 | Renovation / Repair of Long Boom Excavator No 5 used for Garbage Removal works under Chittagong City Corporation including vehicle engine overhauling, outfitting etc. | 11,02,500.00 | Habiba Enterprise | 120 | 839724 |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | 03 | Renovation / Repair of Ashok Leyland Dump Truck Chassis No. 3910 under Chittagong City Corporation including vehicle Engine overhauling and out fittings etc. | 4,50,000.00 | M/s. Power Group Enterprise | 120 | 805571 | |
| | 04 | Renewal/repair various parts including Vehicle Engine overhauling, Cabin, body, Denting painting and out fitting of Asphalt plants Hyep crane truck No 06-0011 engaged in road development work under Chittagong City Corporation. | 4,30,920.00 | M/S Mitu Auto Center | 120 | 839188 | |
| | 05 | Renewal/repair of Roller No.21 (Model No. NDA613) under Chittagong City Corporation including vehicle Engine Overhauling and related parts etc. | 3,39,880.00 | M/S Mitu Auto Center | 120 | 839727 | |
| | 06 | Supply of 500 new Wheel Barrow for Garbage Removal works from 41 Wards under Chittagong City Corporation. | 33,39,000.00 | M/s. S.K Traders & Suppliers | 120 | 841399 | |
| | 07 | Renewal/repair of various parts including the body of Engine Trolley No. 51,94,74,97,84,73,76,80 engaged in the removal of garbage from alleys of different wards of Chittagong City Corporation. | 6,70,924.80 | M/s Helmet Bitan | 120 | 840716 | |
| | 08 | Details of making new concrete boxes for composting at Halishahar City Biofertilizer Plant of Chittagong City Corporation. | 4,11,642.00 | M/s. Majeda Enterprise | 120 | 805572 | |
| | 09 | Supply of spare parts for short boom excavators engaged in garbage removal work at Halishahar Tensing Ground under Chittagong City Corporation. | 4,33,062.00 | M/S. Wahid Builders | 120 | 831905 | |
| | 10 | Supply of spare parts for Chain Drozer No-1 engaged in garbage removal work at Halishahar Tensing Ground under Chittagong City Corporation. | 2,87,154.00 | M/S. Wahid Builders | 120 | 831906 | |
| | 11 | Renewal/repair of various parts including the body, cabin, chassis of Engine Trolley No. | 6,77,376.00 | M/s. Ariyan Enterprise | 120 | 840743 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | 39,41,42,47,52,59,64,69,74,81,82,84,97 total 12 nos. trolleys engaged in the removal of garbage from alloys of different wards of Chittagong City Corporation. | | | | | |
| 12 | Addition/repair of spare parts for 08 vehicles engaged in official and departmental development work under Chittagong City Corporation. | 5,42,052.00 | KIBRIA NUR BROTHERS | 120 | 839185 | |
| 13 | Renewal/repair of Trolly No. 48,49,51,52,53,56,58,60,61,62,63,69,72,74,77,78,79,80,81,82,83,84 including various parts of total 22 nos. of vehicles under Chittagong City Corporation. | 4,87,859.00 | M/S. Helmet Bitan | 120 | 805568 | |
| 14 | Repair of mixer pedal, mixer arm, gear pinion, sprocket, gear box shaft, motor, mixer chamber etc. of Asphalt Plant LGB 500 engaged in road repair work under Chittagong City Corporation. | 4,77,894.00 | Sanaullah Shah Enterprise | 120 | 841050 | |
| 15 | Purchase of spare parts for Different types if vehicle engaged in emergency official work of Chittagong City Corporation. | 5,75,900.00 | Sanaullah Shah Enterprise | 120 | 841053 | |
| 16 | Firoza Zeap No 02-0324 engaged in emergency official work of Chittagong City Corporation Engine overhauling, brake, suspension, AC servicing, Body, Denting, Painting including various equipment renewal and repair work. | 3,50,000.00 | ALPHA AUTO TECH ENGINEERING WORKSHOP | 120 | 842166 | |
| 17 | Renovation / Repair of Eicer Dump Truck Chassis No. 387787 (Model-10.75) under Chittagong City Corporation including vehicle Engine overhauling, body, cabin, denting, painting out fittings etc. | 3,20,000.00 | M/s. Power Group Enterprise | 120 | 842160 | |
| 18 | Renewal/repair of engine Overhauling and related parts of Road roller no-19 (Model no NDA613) engaged in developmental work of Chittagong City Corporation. | 3,99,570.00 | KIBRIA NUR BROTHERS | 120 | 838409 | |
| 19 | Renewal/repair of Mobil filter, air cleaner filter, wheels | 3,94,934.00 | M/S Mitu Auto Center | 120 | 839187 | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | Mounting and other accessories of Roller No-30 engaged in emergency official work under Chittagong City Corporation | | | | |
| 20 | Renovation / Repair of TATA Truck Chassis No. 14255 under Chittagong City Corporation Including vehicles Body, denting, painting and out fittings etc. | 5,63,535.00 | A B Shahed Enterprise | 120 | 831309 |
| 21 | Renewal/Repair Double Cabin Pickup Dhaka Metro 11-3433 Car Engine Overhauling, Outfitting and Various Parts engaged in official work of Chittagong City Corporation. | 3,50,000.00 | M/s. Hassan Enterprise | 120 | 754351 |
| 22 | Renovation / Repair of Eicer Dump Truck Chassis No:386472 (Model-10.75) under Chittagong City Corporation including vehicles engine overhauling Body, cabin, denting, painting and out fitting etc. | 3,50,000.00 | M/s. Farhad & Brothers | 120 | 805565 |
| 23 | Renovation / Repair of Eicer Dump Truck Chassis No. 277762 (Model-10.75) engaged in department development work under Chittagong City Corporation Including vehicle Body, cabin, denting, painting outfitting etc. | 3,95,375.00 | M/s. Power Group Enterprise | 120 | 788482 |
| 24 | Purchase of spare parts for Chain Droze no. 11 engaged in emergency garbage removal work under Chittagong City Corporation. | 1,83,330.00 | Classic Madina Motors | 120 | 805570 |

<u>প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)</u>

৩:২:৩ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগ বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) চসিকের মার্কেট সমূহের প্রিপেইড মিটার স্থাপনের ক্ষেত্রে মার্কেটের বকেয়া বিলসমূহ দ্রুত প্রদানের ব্যবস্থা গ্রহণকরত প্রিপেইড মিটার স্থাপনে পিডিবি'র সাথে সমন্বয় পূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২)নগরীর প্রতিটি ওয়ার্ডে লাইট, শেড তারসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ নিশ্চিত করতে হবে এবং সকল সড়কের আলোকায়ন নিশ্চিত করতে হবে। এই সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মেয়র বরাবর দাখিল করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| | (৩) এলএসিসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>(৪) যেসব স্থানে লাইট পোস্ট নেই আপাতত সেখানে পুরাতন পোস্ট, শেড লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৫) নগরীর যেসব এলাকায় আলোকায়ন এখনো সম্পন্ন হয়নি এরূপ এলাকা সমূহের তথ্য ওয়ার্ড ওয়ারী প্রস্তুতপূর্বক মেয়র মহোদয় সমীপে উপস্থাপন করতে হবে।<br>(৬) এলএসিসি প্রকল্পের বাহিরে অবিদ্যুতায়িত সড়কসমূহে বিদ্যুতায়নের জন্য পৃথক প্রকল্পের প্রস্তুতকৃত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

## ৩.৩: রাজস্ব বিভাগ

৩.৩.১: রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নে এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়া সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. বন্দরের পণ্য আমদানী রপ্তানীর উপর এবং বন্দর ব্যবহারকারী ট্রাকগুলোর থেকে ফি আদায়ের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের বিষয়ে যোগাযোগ করে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. কাস্টমস এর বিল অব এন্ট্রি থেকে নির্দিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩. ই-রেভেনিউ পদ্ধতিতে রাজস্ব আদায়ের ক্ষেত্রে ১০টি ওয়ার্ডকে মডেল হিসেবে নিয়ে ঐ ওয়ার্ডসমূহে শতভাগ এ পদ্ধতি বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৪. অননুমোদিত স্থাপনাসমূহ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৫. অযান্ত্রিক যানবাহন সমূহের জন্য (রিক্সা, ভ্যান,) ডিজিটাল কোডযুক্ত ডিজিটাল পদ্ধতিতে লাইসেন্স প্রদানের কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৬. নগরীর যেসব স্থানে অবৈধভাবে এলইডি টেলিভিশন স্থাপনের মাধ্যমে ব্যবসা পরিচালনা করা হচ্ছে তাদের তালিকা তৈরি করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭. সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন কমিউনিটি সেন্টারে জেয়াফত, মেজবান, বিবাহসহ বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের ভোজন কর নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩.৩.২ রাজস্ব বিভাগ (এস্টেট শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের এস্টেট শাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে স্বনির্ভর করতে হলে আত্মনির্ভর প্রকল্প গ্রহণ করতে হবে। এজন্য প্রস্তুতকৃত উপআইন দ্রুত মন্ত্রণালয় থেকে অনুমোদন নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। গণপূর্ত বিভাগের সহযোগিতা নিয়ে টেক্সটাইল থেকে বায়েজিদ থানার দিকে যাওয়ার রাস্তাটি প্রশস্ত করণের জন্য চসিকের সার্ভেয়ার ও স্থানীয় কাউন্সিলর সমন্বয়ে রাস্তা ডিমার্কেশন করে প্রশস্ত করণের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। রেয়াজুদ্দিন বাজারের নির্মিতব্য মার্কেটের দোকান বরাদ্দের জন্য পূর্বে ঐস্থানে যাদের দোকান ছিল তাদের সাথে আলাপ-আলোচনা করে সুরাহা করার জন্য স্থানীয় কাউন্সিলরদের দায়িত্ব পালন করতে হবে। এছাড়া এর পাশে থেকে খালি জায়গাও দোকানের অর্ন্তভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪ চকবাজার মুরাদপুরসহ বিভিন্ন স্থানে চসিকের খালি জায়গাসমূহে অন্তত টিন শেড দিয়ে স্থাপনা নির্মাণ করে ভাড়া আদায়ের ব্যবস্থা করে রাজস্ব আদায় বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) এস্টেট অফিসার<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| | ৫। চসিকের মালিকানাধীন বিভিন্ন দোকান, মার্কেটসমূহের ভাড়া যথাযথভাবে চসিকের কোষাগারে জমা হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে।<br>৬। চসিকের মালিকানাধীন ফ্ল্যাট, হাট বাজার ও ঘাট ইজারা গ্রহণকারীদের ১৭৭টি পাওনা ১৫০ কোটি টাকা আদায়ে জরুরী ভিত্তিতে পদক্ষেপ নিতে হবে।<br>৭। প্রতিটি ওয়ার্ডে বিভিন্ন বাজার ও মার্কেটের ভাড়া আদায় কার্যক্রম বেগবান করার জন্য সংশ্লিষ্ট ব্যবসায়ীদেরকে তাগাদাপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | | |

## ৩:৪:ঃ পরিচ্ছন্নতা বিভাগ

### ৩:৪:১ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত সভায় আলোচনায় প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সার্বিক সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১ অতিবৃষ্টির ফলে নালা নর্দমায় জমে থাকা বালি,কাদামাটি অপসারণে গৃহিত কার্যক্রম তালিকাপত্রে সাধারণ সভায় পূর্বে মাননীয় মেয়র বরাবর পেশ করতে হবে।<br>২।১৯নং দক্ষিণ বাকলিয়া পর্যন্ত আবর্জনার বিন সরবরাহ ও এসটিএস নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। চলমান বর্ষা মৌসুমে এডিস মশার প্রকোপ রোধে মশার প্রজনন ক্ষেত্র ধ্বংস করা, জনসচেতনতা তৈরি করা , মশক নিধনে বাড়তি জনবল নিয়োগ ক্রাশ প্রোগ্রাম সহ বিশেষ কর্মসূচী গ্রহণের মাধ্যমে গতিশীলভাবে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং ওয়ার্ডওয়ারী মাসব্যাপি পরিচালিত কার্যক্রমের বিবরণ সাধারণ সভায় পূর্বে মাননীয় মেয়র বরাবর পেশ করতে হবে। | ১-২ ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অঃদাঃ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা (অঃদাঃ) চসিক | |

### ৩:৫.১ সচিবালয় বিভাগ সম্পর্কিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করার বিষয়ে আলোচনায় উল্লেখ করা হয়, মাননীয় প্রধানমন্ত্রী ইতোপূর্বে ২০২২ সালের ১৯ এপ্রিল একনেক সভায় তাদেরকে আইন কানুন এর আওতায় এনে সুযোগ দিয়ে রেগুলারাইজ (নিয়মিত) করার একটা ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। মহামান্য সুপ্রীম কোর্টের রিভিউ রায়ের পর্যবেক্ষনে উল্লেখ আছে, গনতান্ত্রিক রাষ্ট্রের নাগরিক হিসাবে ২০ বছর বা তার চেয়ে বেশি সময়ে কর্মরত কর্মচারীবৃন্দের দ্বারা প্রদত্ত পরিসেবাটি স্থায়ী কর্মচারী হিসাবে বিবেচিত হবে এবং তাহারা স্থায়ী কর্মচারী হিসাবে পেনশন সুবিধা পাওয়ার যোগ্য হতে পারে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের | ১) দীর্ঘদিন ধরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে অস্থায়ীভাবে কর্মরত কর্মচারীদের স্থায়ী করনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০২২ সালের ১৯ এপ্রিল একনেক সভায় প্রদত্ত বক্তব্যের আলোকে, মহামান্য সুপ্রীম কোর্টের রিভিউ রায়ের পর্যবেক্ষন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের স্থায়ী করার পক্ষে প্রদত্ত রায়, অত্র কর্পোরেশনের অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের স্থায়ী করনে গঠিত কমিটির সুপারিশ মালার ৩নং আইটেমের আলোকে তাদেরকে মহামান্য হাইকোর্টের রায় অনুযায়ী স্থায়ী করার সুপারিশ এবং কাউন্সিলরগণ কর্তৃক সাধারণ সভায় স্থায়ী করার বিষয়ে একাত্মতা পোষণ করায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবা মান বৃদ্ধি করার জন্য অবিলম্বে অস্থায়ীভাবে কর্মরত কর্মচারীদের স্থায়ী করণের সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের রায়ের মাধ্যমে ইতোপূর্বে কিছু কর্মচারী স্থায়ী হবার সুযোগ হয়েছে এবং অত্র কর্পোরেশনের অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের স্থায়ী করনে গঠিত কমিটির সুপারিশ মালার ৩নং আইটেমের আলোকে তাদেরকে মহামান্য হাইকোর্টের রায় অনুযায়ী স্থায়ী করা যায়। উপরোক্ত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া সচিবালয় বিভাগ সংক্রান্ত অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২)আগামী ২ বছরের জন্য চসিকের প্রতিটি ওয়ার্ড ও বিভাগওয়ারী কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা ৬ মাস ভিত্তিক বিভক্ত করে ব্যক্তির জবাব দিহিতা নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩)মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে জেলা প্রশাসন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সমন্বয়ে চসিকের উত্তর কাট্টলী ওয়ার্ড, লালখান বাজার ওয়ার্ড ,বাগমনিরাম ওয়ার্ড ও জামালখান ওয়ার্ডকে স্মার্ট ওয়ার্ড হিসাবে গড়ে তোলার যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা বাস্তবায়নের জন্য অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪) স্টেটগেইট পরিচালনার জনবল অনুমোদনের জন্য দ্রুত জনবল কাঠামো মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫) ব্যাটারি রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান পরিচালনার মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণের জন্য চসিক কর্তৃক বিউবো বরাবর পত্র প্রেরণ করতে হবে। | | |

৩:৬:১:ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। মশার প্রজননক্ষেত্র ধ্বংসে, খাদ্যের ভেজাল রোধে, অবৈধ স্থাপনা উচ্ছেদে, ফুটপাত দখলমুক্তকরণে ম্যাজিস্ট্রেট শাখা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br>২। রাস্তা/ নালার উপর ময়লা আবর্জনা ফেললে জরিমানার আওতায় আনতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে। | ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা(অঃ দাঃ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩:৭:৪ ১: নগর পরিকল্পনা বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় নগর পরিকল্পনা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটিতে প্রবেশের মুখে শাহ আমানত সেতুর সম্মুখস্থ বলিরহাটনান চত্বরকে চসিক কর্তৃক নান্দনিকভাবে গড়ে তোলার জন্য রোড এন্ড হাইওয়ে কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে।<br>২ বাটালি হিলকে দৃষ্টিনন্দনভাবে সাজানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩ প্রতি ওয়ার্ডে ছোট জায়গা থাকলেও সেখানে খেলার মাঠ,পার্ক নির্মাণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। নগরীতে সৌন্দর্য্য বর্ধনে গৃহিত প্রকল্পে যে সকল প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ রয়েছে তাদের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক ন্যূনতম ১০টি প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত হালনাগাদ প্রতিবেদন প্রতি সাধারণ সভায় পেশ করতে হবে।<br>৫। ইউএনডিপি প্রকল্পের ঋণ প্রদানের কার্যক্রমে জটিলতা নিরসণে ব্যবস্থা গ্রহনের জন্য সভা আহবান করতে হবে। | ১-৪ নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৫ বস্তি উন্নয়ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩.৭.২ সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ সংক্রান্ত উপ-কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৮ জুলাই সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ সংক্রান্ত উপ-কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয় | ৩০নং ওয়ার্ডের অন্তর্গত মাদারবাড়ি রোড হতে দক্ষিণ নালা পাড়া বাই লেইন পর্যন্ত আনুমানিক ৩০০ মিটার সড়ক "বীর মুক্তিযোদ্ধা ডা. শান্তি কুমার দত্ত"-র নামে সড়ক নামকরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হওয়ায় তা চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>চট্টগ্রাম মহানগরীর ৪১নং ওয়ার্ডের অন্তর্গত এয়ারপোর্ট রোড (নেভীগোলা হইতে এয়ারপোর্টের প্রবেশ মুখ পর্যন্ত) ও ভি.আই.পি রোড (এয়ারপোর্টের প্রবেশ মুখ হইতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল এর মুখ পর্যন্ত) -কে "জননেত্রী শেখ হাসিনা সড়ক" নামে ফলক স্থাপনের ব্যাপারে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত অনুমোদিত হয় এবং যে সমস্ত ব্যক্তিবর্গের নামে সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ সরকার কর্তৃক চূড়ান্ত অনুমোদন প্রাপ্ত হইবে সে সমস্ত ব্যক্তিবর্গের সংক্ষিপ্ত বিবরণীসহ সংস্থার ফলক স্থাপনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। | নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও সদস্য সচিব, সড়ক, ভবন ও স্থাপনা নামকরণ উপ-কমিটি। | |

৩.৮ঃ ১: সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটি সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| গত ১৮ জুলাই সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটি সভায় ০৫ আগষ্ট শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন ১৫ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষে গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও দোয়া-মিলাদ মোনাজাত আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত হয় | প্রধান শিক্ষা কর্মকর্তা, শিক্ষা কর্মকর্তা ও উপসচিব ব্যবস্থা নিবেন |
| | সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকাসহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পতাকা অর্ধনমিত করন ও কালো পতাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয় | প্রধান নিরাপত্তা কর্মকর্তা, প্রধান শিক্ষক/শিক্ষিকা, অধ্যক্ষবৃন্দ, ওয়ার্ড সচিববৃন্দ, হাসপাতাল ও দাতব্য চিকিৎসালয় সমূহের ইনচার্জ, অন্যান্য প্রতিষ্ঠানের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ |
| | কালো ব্যাজ ধারণ (সপ্তাহব্যাপী)<br>মাননীয় মেয়র মহোদয় কর্তৃক কালো ব্যাচ পরিধান পূর্বক কর্মসূচির শুভ সূচনা। | প্রধান শিক্ষা কর্মকর্তা, উপসচিব, ভাণ্ডার কর্মকর্তা, সেবাস্তভ শাখা |
| | জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মাননীয় মেয়র, কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারী সহকারে টাইগারপাস প্রশাসনিক ভবনের সম্মুখে স্থাপিত প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ এর বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | নগর পরিকল্পনাবিদ ও প্রধান প্রকৌশলী |
| | মহানগরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল (বহদ্দারহাট) ম্যুরালে পুষ্পার্ঘ্য অর্পণ এর সিদ্ধান্ত | সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী প্রয়োজনীয় রং, ফুলের ব্যবস্থা এবং উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সংশ্লিষ্ট এলাকা পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা নিবেন |
| | সকালে কোরআন খানি, মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত নগর ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহিত হয় | সচিব, প্রধান রাজস্ব কর্মকর্তা, প্রধান শিক্ষা কর্মকর্তা, উপসচিব ও সমাজকল্যাণ কর্মকর্তা, সাইট প্রোগ্রামার ও মাদ্রাসা পরিদর্শক এবং সোশ্যাল মিডিয়া শাখা আপলোডের ব্যবস্থা করবেন |
| | প্রামাণ্যচিত্র প্রদর্শন ও আলোচনা সভা<br>প্রধান অতিথি : বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>সভাপতিত্ব করবেন<br>প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় | |
| | নিম্নআয়ী ফ্রি স্বাস্থ্যসেবা প্রদান (৩টি মেডিক্যাল সেন্টার, ৪১টি ওয়ার্ড, আরবান প্রাইমারী হেলথ সেন্টারে) কর্মসূচি উদ্বোধন করবেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সমন্বয় করবেন ও স্বাস্থ্য কর্মকর্তা ব্যবস্থা নিবেন |
| | মাননীয় মেয়র মহোদয় বৃক্ষরোপন করবেন | নগর পরিকল্পনাবিদ প্রয়োজনীয় স্থান নির্ধারণসহ ব্যবস্থা নিবেন |
| | ৪১টি ওয়ার্ডে, ওয়ার্ড প্রতি ২০জন করে দুঃস্থ ছাত্র/ছাত্রীদের নিকট নগদ ৫০০/- টাকা হারে (মাননীয় মেয়র মহোদয় কর্তৃক ৩১,৩২,৩৩ ও ৩৪ ওয়ার্ডে) বিতরণের বিষয়ে সিদ্ধান্ত হয় | সভাপতি, সমাজকল্যাণ স্ট্যান্ডিং কমিটির সদস্য, প্রধান শিক্ষা কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ও উপসচিব |
| | কর্পোরেশন পরিচালিত মসজিদ ও ফোরকানিয়া মাদ্রাসা সমূহে মিলাদ ও বিশেষ মোনাজাত | মাদ্রাসা পরিদর্শক, সংশ্লিষ্ট ইমাম, পুরোহিতগণ ও প্রতিষ্ঠানের প্রধানগণ |
| | সিটি কর্পোরেশনের সকল মন্দির, প্যাগোডা, গির্জাসহ ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনার সিদ্ধান্ত | ধর্মীয় উপাসনালয় কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট বিভাগ |

| | | |
|---|---|---|
| | গুরুত্বপূর্ণ গোল চত্বর ও ফ্লাইওভারে ফুটওভার ব্রীজে বঙ্গবন্ধুর ছবিসহ প্রজ্বলিত বাতি সম্বলিত ব্যানার প্রদর্শন এবং গোল চত্বর ও গুরুত্বপূর্ণ মোড় সমূহে আলোকসজ্জা প্রদর্শনের ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত | মফিদুল আলম ও উপ প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), প্রকৌশল ও পরিচ্ছন্ন সুপারভাইজারগণ সংশ্লিষ্ট কাজে সহযোগিতা করবেন (উপসচিব সমন্বয় করবেন) |
| | ফ্লাইওভার নীচে এলইডি সমূহে বঙ্গবন্ধুর জীবনী সংশ্লিষ্ট সচিত্র প্রদর্শনী-ভিডিও চিত্র প্রদর্শন | প্রোগ্রামার/আইটি অফিসার ও কার্য পরিকল্পনাবিদ |
| | মুদ্রিত কর্মসূচি চসিক ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা | প্রোগ্রামার/আইটি অফিসার ব্যবস্থা নিবেন |
| | রচনা, চিত্রাঙ্কন, কুইজ ও হামদ-নাত প্রতিযোগিতার সিদ্ধান্ত হয় | প্রধান শিক্ষা কর্মকর্তা, শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট উপকমিটি ব্যবস্থা নিবেন |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৫০০.০০১.০৬.০০২.২৩- ১১০৮ তারিখ: ২৩.০৮.২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, রহমতগঞ্জ, চট্টগ্রাম
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
১৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ
১৫। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
১৬। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর প্রতিনিধি
১৭। উপ-পরিচালক, বি.আর.টি.এ এর প্রতিনিধি
১৮। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে এর প্রতিনিধি
১৯। অধিনায়ক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-০৭ এর প্রতিনিধি
২০। কাউন্সিলর ..............................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২১। বিভাগীয় প্রধান (সকল) ..............................................বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২২। একান্ত সচিব, মাননীয় মেয়র (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩। শাখা প্রধান(সকল)...............................................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২৪। অফিস কপি।

(শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
টাইগার পাস, চট্টগ্রাম।

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩০ তম সাধারণ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের নাম

| ক্রঃ নং | সম্মানিত কাউন্সিলরবৃন্দের নাম | ওয়ার্ডের নাম |
|---|---|---|
| ১. | জনাব আব্দুস সবুর লিটন (প্যানেল মেয়র-১) | ২৫নং রামপুর ওয়ার্ড |
| ২. | মোহাম্মদ গিয়াস উদ্দিন ( প্যানেল মেয়র-২) | ১৫নং বাগমনিরাম ওয়ার্ড |
| ৩. | আফরোজা জহুর (আফরোজা কালাম) (২৭,৩৭,৩৮) (প্যানেল মেয়র-৩) | সংরক্ষিত ওয়ার্ড-১২ |
| ৪. | ফেরদৌস বেগম মুন্নী (১,২,৩) | সংরক্ষিত ওয়ার্ড- ১ |
| ৫. | আনজুমান আরা ( ১৪,১৫,২১) | সংরক্ষিত ওয়ার্ড নং-৫ |
| ৬. | শাহীন আকতার রোজী (১৭,১৮,১৯) | সংরক্ষিত ওয়ার্ড নং-৬ |
| ৭. | রুমকি সেনগুপ্ত (১৬,২০,৩২) | সংরক্ষিত ওয়ার্ড নং-৭ |
| ৮. | নীলু নাগ ( ২২,৩০,৩১) | সংরক্ষিত ওয়ার্ড নং-৮ |
| ৯. | হুরে আরা বেগম (১১,২৫,২৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১০ |
| ১০. | ফেরদৌসি আকবর ( ২৮,২৯,৩৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১১ |
| ১১. | বেগম নুৎফুন্নেছা দোভাষ বেবী ( ৩৩,৩৪,৩৫) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৩ |
| ১২. | জনাব গাজী মোঃ শফিউল আজিম | ০১নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ড |
| ১৩. | জনাব মোঃ শাহেদ ইকবাল (বাবু) | ০২নং জালালাবাদ ওয়ার্ড |
| ১৪. | জনাব মোঃ এসরারুল হক | ০৪নং চান্দগাঁও ওয়ার্ড |
| ১৫. | জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন | ০৫নং মোহরা ওয়ার্ড |
| ১৬. | জনাব এম আশরাফুল আলম | ০৬ নং পূর্ব ষোলশহর ওয়ার্ড |
| ১৭. | জনাব মোঃ মোবারক আলী | ০৮ নং পশ্চিম ষোল শহর ওয়ার্ড |
| ১৮. | জনাব নিছার উদ্দিন আহমেদ | ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ড |
| ১৯. | জনাব মোহাম্মদ ইসমাইল | ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ড |
| ২০. | জনাব মোঃ নুরুল আমিন | ১২নং সরাইপাড়া ওয়ার্ড |
| ২১. | জনাব মোঃ নুর মোস্তফা টিনু ( টিটু) | ১৬নং চকবাজার ওয়ার্ড |
| ২২. | জনাব মোহাম্মদ হারুন অর রশীদ | ১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড |
| ২৩. | জনাব শৈবাল দাশ সুমন | ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড |
| ২৪. | জনাব শৈবাল দাশ সুমন | ২১নং জামালখান ওয়ার্ড |
| ২৫. | জনাব মোহাম্মদ সলিম উল্যাহ | ২২নং এনায়েত বাজার ওয়ার্ড |

| | | |
|---|---|---|
| ২৬. | জনাব মোহাম্মদ জাবেদ | ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড |
| ২৭. | জনাব নাজমুল হক | ২৪নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড |
| ২৮. | জনাব মোহাম্মদ ইলিয়াছ | ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড |
| ২৯. | জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী | ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড |
| ৩০. | জনাব নজরুল ইসলাম বাহাদুর | ২৮নং পাঠানটুলী ওয়ার্ড |
| ৩১. | জনাব শেখ [illegible] মোঃ [illegible] | ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩২. | জনাব আতাউল্লাহ চৌধুরী | ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩৩. | জনাব মোঃ আবদুস সালাম মাসুম | ৩১নং আলকরণ ওয়ার্ড |
| ৩৪. | জনাব জহুর লাল হাজারী | ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড |
| ৩৫. | জনাব হাসান মুরাদ | ৩৩নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড |
| ৩৬. | জনাব পুলক খাস্তগীর | ৩৪নং পাথরঘাটা ওয়ার্ড |
| ৩৭. | হাজী নুরুল হক | ৩৫নং বক্সিরহাট ওয়ার্ড |
| ৩৮. | জনাব মোঃ মোরশেদ আলী | ৩৬নং গোসাইলডাঙ্গা ওয়ার্ড |
| ৩৯. | মোহাম্মদ আবদুল মান্নান | ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৪০. | জনাব গোলাম মোঃ চৌধুরী | ৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৪১. | জনাব ছালেহ আহম্মদ চৌধুরী | ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড |

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩০তম সাধারণ সভায় উপস্থিত আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা

| ক্রম নং | আমন্ত্রিত অতিথিবৃন্দের নাম | পরিচিতি |
|---|---|---|
| ১ | অর্ণব চক্রবর্তী | সহকারী পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ কমিশনার, চট্টগ্রাম |
| ২ | এস এম সাখাওয়াতুল কাদের | নির্বাহী প্রকৌঃ চট্টগ্রাম ওয়াসা |
| ৩ | কাজী নাদের নেওয়াজ | নির্বাহী প্রকৌঃ চউক |
| ৪ | ডিপ্লোম্যাসি চাকমা | সহকারী কমিশনার, জেলা প্রশাসন, চট্টগ্রাম। |
| ৫ | বিজন কান্তি ভৌমিক | জুনিয়র সহকারী ব্যবস্থাপক |
| ৬ | মোঃ জোবাইদীন | সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৭ | মোঃ মুসা | উপ-সহকারী প্রকৌশলী |
| ৮ | সুমন বড়ুয়া | সহকারী পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর |
| ৯ | মোহাম্মদ আলী | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স |
| ১০ | মোঃ আলমগীর হোসেন | উপ-সহকারী পরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) -৭ |